

মঙ্গলবারের এইচএসসি পরীক্ষা স্থগিত

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৩:০০, ২২ জুলাই ২০২৫; আপডেট: ০৩:১৯,
২২ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

মঙ্গলবারের (২২ জুলাই) এইচএসসি পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত হয়েছে বলে জানিয়েছেন তথ্য উপদেষ্টা মাহফুজ আলম।

মঙ্গলবার রাতে নিজের ভ্যারিফাইড ফেসবুক পেজ থেকে এক পোস্টে এ তথ্য জানান তিনি।

ফেসবুক পোস্টে বলা হয়, 'শিক্ষা উপদেষ্টা মহোদয়ের সাথে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মাহফুজ আলমের সাক্ষাত হয়েছে। আজকের এইচএসসি পরীক্ষা স্থগিত হওয়ার সিদ্ধান্ত জানিয়েছেন মাননীয় শিক্ষা উপদেষ্টা।'

উল্লেখ্য, সোমবার রাজধানীর উত্তরার মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের একটি ভবনে বাংলাদেশ বিমান বাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে ঘটেছে হৃদয়বিদারক এক দুর্ঘটনা। বিমান বিধ্বস্ত হয়ে শিশু ও পাইলটসহ এ পর্যন্ত ২০ জন নিহতের

খবর পাওয়া গেছে। এ ঘটনায় আহত হয়েছেন আরও ১৭১ জন।
হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে।